# আল-কুরআনিক রুকইয়াহ হিলিং


## রাকী ফয়সাল আহমেদ সাবিত

কুমিল্লা মেডিকেল কলেজ (Cumilla Medical College)

Whatsapp/Telegram: ০১৮৮৬৬০৮৯৯৯


## মাথা ও ব্রেইনের গিরা এবং বদনজর ধ্বংসের রুকইয়াহ

যাদের মাথায় সবসময় চাপ ধরে থাকে, মাইগ্রেন, ব্রেইন ফগ বা ভুলে যাওয়ার সমস্যা আছে—যা জিনের আছর বা বদনজরের কারণে হয়েছে, তাদের জন্য এই শক্তিশালী "রুকইয়াহ মেকানিজম" অত্যন্ত কার্যকর।

১ আক্রমণের সূচনা ও ব্রেইন-টার্গেটেড দুয়া

শুরুতে শরীর প্রস্তুত করার পর সরাসরি মগজের ওপর বাঁধা গিরা ও নজর টার্গেট করে এই দুয়াগুলো পাঠ করুন:

> اللَّهُمَّ أَخْرِجْ كُلَّ عَيْنٍ فِي الرَّأْسِ وَالدِّمَاغِ

অর্থ: হে আল্লাহ, মাথা এবং মগজে থাকা প্রতিটি বদনজর বের করে দিন।

## اللَّهُمَّ فُكَّ كُلَّ عُقْدَةٍ مَرْبُوطَةٍ عَلَى الدِّمَاغِ

অর্থ: হে আল্লাহ, মগজের ওপর বাঁধা প্রতিটি গিরা বা নট খুলে দিন।

২ বদনজরের প্রভাব কাটানো

সূরা আল-কলাম, আয়াত ৫১-৫২: চোখের জাদুকরী প্রভাব নষ্ট করার জন্য এটি অব্যর্থ।

## وَإِن يَكَادُ الَّذِينَ كَفَرُوا لَيُزْلِقُونَكَ بِأَبْصَارِهِمْ

নির্দেশনা: "লাইয়ুজলিকুনাকা বি-আবছারিহিম" অংশটি বারবার তকরার (রিপিট) করুন।

অর্থ: আর কাফিররা... তাদের (বক্র) দৃষ্টি দিয়ে আপনাকে আছাড় দিয়ে ফেলে দিবে।

৩ জিনকে অন্ধ করা ও ধরা

সূরা আল-আন'আম, আয়াত ১০৩: জিনেরা যখন রুগীর চোখের আড়ালে লুকায়, তখন এটি তাদের আড়াল ভেঙে দেয়।

لَّا تُدْرِكُهُ الْأَبْصَارُ وَهُوَ يُدْرِكُ الْأَبْصَارَ

উদ্দেশ্য: এটি পাঠ করার মাধ্যমে শরীরের লুকিয়ে থাকা জিনকে আল্লাহর হুকুমে দৃশ্যমান ও অন্ধ করে দেওয়ার নিয়ত করা হয়।

## ৪ গিরা বিস্ফোরণ বা ফাটানো (Explosion)

মাথার ভেতর জিনের করা শক্ত গিরাগুলো ফাটানোর জন্য এই "বিস্ফোরণ"-এর আয়াতগুলো সবচেয়ে গুরুত্বপূর্ণ।

১. সূরা ইয়াসিন, আয়াত ৩৪:

وَفَجَّرْنَا فِيهَا مِنَ الْعُيُونِ

নির্দেশনা: "ফাজ্জারনা" (বিস্ফোরিত করা) শব্দটি দিয়ে গিরা ফাটানোর নিয়ত করুন।

২. সূরা আল-আ'রাফ, আয়াত ১৬০:

فَانفَجَرَتْ مِنْهُ اثْنَتَا عَشْرَةَ عَيْنًا

নির্দেশনা: "ফান-ফাজারাত" (বিস্ফোরিত হলো) শব্দটি বারবার তকরার করুন।

৫ পাহাড়সম বোঝা সরানো

সূরা ত্ব-হা, আয়াত ১০৫: ব্রেইনের ভারী ভাব বা "ব্লকেজ" দূর করার জন্য এটি অত্যন্ত শক্তিশালী।

وَيَسْأَلُونَكَ عَنِ الْجِبَالِ فَقُلْ يَنسِفُهَا رَبِّي نَسْفًا

নির্দেশনা: "ইয়ানসিফুহা... নাসফা" (উড়িয়ে দিবেন/বিক্ষিপ্ত করবেন) অংশটি বারবার পাঠ করুন।

অর্থ: বলুন, আমার রব এগুলোকে সমূলে বিক্ষিপ্ত করে (উড়িয়ে) দিবেন।

৬ শয়তানের দৃষ্টি কেড়ে নেওয়া

সূরা আল-বাকারা, আয়াত ২০: শরীরে থাকা জিনকে অন্ধ করা বা তাদের নজর অকেজো করার জন্য।

يَكَادُ الْبَرْقُ يَخْطَفُ أَبْصَارَهُمْ

অর্থ: বিদ্যুৎ চমক যেন তাদের দৃষ্টিশক্তি কেড়ে নেয়।

## রুকইয়াহ চলাকালীন সম্ভাব্য প্রতিক্রিয়া (Symptoms)

তিলাওয়াত শোনার সময় যদি নিম্নোক্ত লক্ষণগুলো দেখা দেয়, তবে রুকইয়াহ চালিয়ে যান:

- ✦ মাথায় ঝাঁকুনি বা হালকা বোধ হওয়া: জাদুর গিরাগুলো ফাটছে বা খুলে যাচ্ছে।
- ✦ চোখ দিয়ে পানি পড়া বা অনবরত হাই তোলা: প্রবল বদনজর শরীর থেকে বের হয়ে যাচ্ছে।
- ✦ গায়ে কাঁটা দেওয়া বা সুঁই ফোটানোর অনুভূতি: জিনের আছর দগ্ধ হচ্ছে।
- ✦ পেটে মোচড় বা বমি ভাব: খাওয়ানো জাদুর প্রভাব নষ্ট হচ্ছে।

এই রুকইয়াহ তিলাওয়াত শোনার সময় চোখ বন্ধ রাখা এবং পূর্ণ মনোযোগ দেওয়া জরুরি।

মদিনাতুল ইলম চ্যানেলের 'মাথা ও ব্রেইনের রুকইয়াহ' এর আদলে সংকলিত।

AL QURANIC RUQYAH HEALING